

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

তারিখ: ২৭/০৭/২০১৬ খ্রি।

প্রেস বিজ্ঞপ্তি


বকেয়া রাজস্ব সংগ্রহে এনবিআরকে সর্বাত্মক সহযোগিতা করবে এফবিসিসিআই

বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট আয়কর, শুল্ক ও মূসক সংশ্লিষ্ট বকেয়া রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে সর্বাত্মক সহযোগিতা এবং এনবিআর এর আধুনিকায়ন কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে এফবিসিসিআই এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাথে দ্বিপাক্ষিক আলোচনা সভা আজ দুপুর ০২.৩০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। ফেডারশন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই) এর সভাপতি জনাব আব্দুল মাতলুব আহমদ এবং সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমানসহ অন্যান্য উর্দ্ধতন কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানের নিকট জাতীয় রাজস্ব বোর্ডের অনাদায়ী পাওনা রাজস্ব পরিশোধ করার ক্ষেত্রে সার্বিক সহযোগিতা এবং মূসক অনলাইন প্রকল্প বাস্তবায়নে সক্রিয়ভাবে সম্পৃক্ত থাকার বিষয়ে এফবিসিসিআই এর সভাপতি জনাব আব্দুল মাতলুব আহমদ জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়কে আশ্বস্থ করেছেন। এসময় তিনি বলেন, অনাদায়ী রাজস্ব সংগ্রহের জন্য জাতীয় রাজস্ব বোর্ড থেকে যত বেশি প্রচেষ্টা অব্যাহত থাকবে তত বেশি ভাল ফল আসবে এবং দ্রুত প্রাপ্য রাজস্ব সংগ্রহ করা সম্ভব হবে। জাতীয় রাজস্ব বোর্ড এবং এফবিসিসিআই গুরুত্বপূর্ণ অংশীদার। ব্যবসা-বাণিজ্য, সম্প্রসারণ, বিনিয়োগের নতুন নতুন ক্ষেত্রে উন্নোচিতকরণসহ দেশের সার্বিক অর্থনৈতিক কর্মকাণ্ডে গতিশীলতা আনয়নে কার্যকর ভূমিকা রাখছে এফবিসিসিআই। এক্ষেত্রে এফবিসিসিআই সবসময় রাজস্ব বোর্ড থেকে প্রয়োজনীয় সহযোগিতা পেয়েছে। ভবিষ্যতেও রাজস্ব বোর্ড থেকে প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড মোঃ নজিবুর রহমান বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানের নিকট জাতীয় রাজস্ব বোর্ডের কর, শুল্ক ও মূসক সংশ্লিষ্ট বকেয়া পাওনাসমূহ সংগ্রহ এবং এনবিআর এর আধুনিকায়ন কার্যক্রমকে আরো বেগবান করার কাজে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য এফবিসিসিআই সভাপতিকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। এ সময় তিনি বলেন, এফবিসিসিআই জাতীয় রাজস্ব বোর্ডের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশীজন। রাষ্ট্রের রাজস্ব ভাস্তারকে শক্তিশালীকরণ ও জাতীয় জীবনে সর্বোত্তম একটি করদাতাবান্ধব রাজস্ববান্ধব সংস্কৃতি চালু করার ক্ষেত্রে এফবিসিসিআই জাতীয় রাজস্ব বোর্ডকে সবসময় সহযোগিতা করে আসছে। বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠানের কাছে এনবিআরের প্রাপ্য বকেয়া পাওনা সুষ্ঠুভাবে সংগ্রহ করার ক্ষেত্রে ভবিষ্যতেও এফবিসিসিআই এর সহযোগিতা অব্যাহত থাকবে বলে দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন। এফবিসিসিআই এর প্রয়োজনীয় সহায়তা সবসময় পাওয়া গেলে বিপুল পরিমাণে অর্থ সরকারি কোষাগারে জমা হবে, যা মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত “ৱৃক্ষকল্প-২০২১ ও ২০৪১” কর্মসূচী বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিয়ন্ত্র অনুরোধ করা হলো।


(সৈয়দ এ. মু'মেন)
জনসংযোগ কর্মকর্তা

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া।